

🔳 আল-আন'আম | Al-An'am | اُلْأَنْعَام

আয়াতঃ ৬: ২৭

💵 আরবি মূল আয়াত:

وَ لَو تَرٰى إِذ وُقِفُوا عَلَى النَّارِ فَقَالُوا يليتَنَا نُرَدُّ وَ لَا نُكَذِّبَ بِإِيْتِ رَبِّنَا وَ نَكُونَ مِنَ المُؤمِنِينَ ﴿٢٧﴾ نَكُونَ مِنَ المُؤمِنِينَ ﴿٢٧﴾

আর যদি তুমি দেখতে, যখন তাদেরকে আগুনের উপর আটকানো হবে, তখন তারা বলবে, 'হায়! যদি আমাদেরকে ফেরত পাঠানো হত। আর আমরা আমাদের রবের আয়াতসমূহ অস্বীকার না করতাম এবং আমরা মুমিনদের অন্তর্ভুক্ত হতাম!' — আল-বায়ান

যদি তুমি দেখতে যখন তাদেরকে জাহান্নামের কিনারায় দাঁড় করানো হবে তখন তারা বলবে হায়! আমাদেরকে যদি আবার (পৃথিবীতে) পাঠানো হত, তাহলে আমরা আমাদের প্রতিপালকের নিদর্শনাবলীকে মিথ্যে মনে করতাম না, আর আমরা মু'মিনদের অন্তর্ভুক্ত হতাম। — তাইসিকল

তুমি যদি তাদের সেই সময়ের অবস্থাটি অবলোকন করতে যখন তাদেরকে জাহান্নামের কিনারায় দাঁড় করানো হবে। তখন তারা বলবেঃ হায়! কতই না ভাল হত আমরা যদি আবার দুনিয়ায় ফিরে যেতে পারতাম, আমরা সেখানে আমাদের রবের নিদর্শনসমূহকে অবিশ্বাস করতামনা এবং আমরা ঈমানদার হয়ে যেতাম! — মুজিবুর রহমান

If you could but see when they are made to stand before the Fire and will say, "Oh, would that we could be returned [to life on earth] and not deny the signs of our Lord and be among the believers." — Sahih International

২৭. আপনি যদি দেখতে পেতেন(১) যখন তাদেরকে আগুনের উপর দাঁড় করানো হবে তখন তারা বলবে, 'হায়! যদি আমাদেরকে ফেরত পাঠানো হত, আর আমরা আমাদের রবের আয়াতসমূহে মিথ্যারোপ না করতাম এবং আমরা মুমিনদের অন্তর্ভুক্ত হতাম।(২)

(১) ইসলামের তিনটি মৌলনীতি রয়েছে- (১) একত্বনাদ (২) রেসালাত ও (৩) আখেরাতে বিশ্বাস। তাফসীর মানার: ৯/৩৯] অবশিষ্ট সমস্ত বিশ্বাস এ তিনটিরই অধীন। এ তিন মূলনীতি মানুষকে স্বীয় স্বরূপ ও জীবনের লক্ষের সাথে পরিচয় করিয়ে দেয়। এগুলোর মধ্যে আখেরাত ও আখেরাতের প্রতিদান ও শান্তির বিশ্বাস কার্যতঃ এমন একটি বিশ্বাস, যা মানুষের প্রত্যেক কাজের গতি একটি বিশেষ দিকে ঘুরিয়ে দেয়। এ কারণেই কুরআনুল কারীমের সব বিষয়বস্তু এ তিনটির মধ্যেই চক্রাকারে আবর্তিত হয়। আলোচ্য আয়াতসমূহে বিশেষভাবে আখেরাতের প্রশ্ন ও উত্তর, কঠোর শান্তি, অশেষ সওয়াব এবং ক্ষণস্থায়ী দুনিয়ার স্বরূপ বর্ণিত হয়েছে।



(২) এ আয়াতে অবিশ্বাসী, অপরাধীদের অবস্থা বর্ণনা করে বলা হয়েছে, আখেরাতে যখন তাদেরকে জাহান্নামের কিনারায় দাঁড় করানো হবে এবং তারা কল্পনাতীত ভয়াবহ শাস্তি প্রত্যক্ষ করবে, তখন তারা আকাজ্জা প্রকাশ করে বলবে, আফসোস, আমাদেরকে পুনরায় দুনিয়াতে প্রেরণ করা হলে আমরা রব-এর প্রেরিত নিদর্শনাবলী ও নির্দেশাবলীকে মিথ্যা প্রতিপন্ন করতাম না, বরং এগুলো বিশ্বাস করে ঈমানদারদের অন্তর্ভুক্ত হয়ে যেতাম। [মুয়াসসার]

তাফসীরে জাকারিয়া

- (২৭) তুমি যদি দেখতে পেতে যখন তাদেরকে দোযখের পাশে দাঁড় করানো হবে[1] এবং তারা বলবে, 'হায়! যদি আমাদের (পৃথিবীতে) প্রত্যাবর্তন ঘটত, তাহলে আমরা আমাদের প্রতিপালকের নিদর্শনকে মিথ্যা বলতাম না এবং আমরা বিশ্বাসীদের অন্তর্ভুক্ত হতাম।' [2]
 - [1] এখানে এ (যদি) এর জওয়াব উহ্য আছে। বাক্যের বাহ্যিক গঠন এইভাবে হবে, "তাহলে তুমি ভয়াবহ দৃশ্য দেখতে।"
 - [2] किन्छ সেখান থেকে পুনরায় ফিরে আসা সম্ভব হবে না। কাজেই তারা তাদের এই আশা পূরণ করতে পারবে না। কাফেরদের এই ধরনের আশার কথা কুরআন বিভিন্ন স্থানে উল্লেখ করেছে। ﴿اللّٰهُ وَالْ عُدْنَا فَإِنْ عُدْنَا فَإِنْ عُدْنَا فَإِنْ عُدْنَا فَإِنْ عُدْنَا فَإِنْ عُدْنَا وَلا تُكَلِّمُونِ "হে আমাদের প্রতিপালক! এ থেকে আমাদেরকে উদ্ধার কর; আমরা যদি পুনরায় তা করি, তবে আমরা (বড়ই) যালেম গণ্য হব। আল্লাহ বলবেন, তোমরা ধিকৃত অবস্থায় এখানেই পড়ে থাক এবং আমার সাথে কোন কথা বলো না।" (সূরা মু'মিনূন ১০৭-১০৮) ﴿رَبَّنَا أَبْصَرُنَا وَسَمِعْنَا فَارْجِعْنَا فَارْجِعْنَا فَارْجِعْنَا فَارْجِعْنَا وَسَمِعْنَا فَارْجِعْنَا فَارْجِعْنَا وَسَمِعْنَا مَوْقِنُونَ ﴿ وَسَمِعْنَا مَلُولَا لَهُ اللّٰهُ وَاللّٰهُ وَلّٰهُ وَاللّٰهُ وَاللللّٰهُ وَاللللّٰهُ وَاللّٰهُ وَاللّٰهُ وَا

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=816

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন